গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০১১.২৪.২৩৩ তারিখ: ৪ চৈত্র ১৪৩০
১৮ মার্চ ২০২৪

বিষয়: **রিট পিটিশন নং ৭৫৫/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুল ও আরজি মোতাবেক দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র প্রেরণ।**

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৭৫৫/২০২৪-এর ২২/০১/২০২৪ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের ধারাবাহিকতায় জানানো যাচ্ছে যে, পাবনা জেলার সুজানগর উপজেলাধীন আহম্মদপুর ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান পর্ষদ গঠনের প্রার্থনার্থে জনাব মোঃ রাশিদুজ্জামান, সদস্য, ৬নং ওয়ার্ড ও প্যানেল চেয়ারম্যান উপপরিচালক, স্থানীয় সরকার, পাবনা বরাবর আবেদন করেন (Annexure-E)। উক্ত আবেদনের বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণ না করায় পিটিশনার জনাব মোঃ রাশিদুজ্জামান মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৭৫৫/২০২৪ দায়ের করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং, উপপরিচালক, স্থানীয় সরকার, পাবনা-কে ৪নং এবং জেলা প্রশাসক, পাবনা-কে ৫নং প্রতিপক্ষসহ মোট এগারো জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

০২। বিবেচ্য রিট পিটিশন মোকদ্দমায় মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশসহ তর্কিত বিষয়ে নিম্নোক্ত রুল প্রদান করেন:

> "Pending hearing of the Rule, the respondent No. 4 to dispose of the representation dated 16.01.2023 (Annexure-E (https://lgd.nothi.gov.bd/noteDetail/53162/8529/potrojariAttachmentRef/53162/0/2240)) within 60 days from date of receipt of the order in accordance with law without fail."

০৩। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৭৫৫/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুল ও আরজি মোতাবেক দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র সত্যায়িত করে দুই সেট পত্র প্রাপ্তির অনধিক ১৫(পনের) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8531/potrojariAttachmentRef/53162/0/2240)

১৮-৩-২০২৪
পূরবী গোলদার
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: +880255100995
ইমেইল: lglaw1@lgd.gov.bd

জেলা প্রশাসক
জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০১১.২৪.২৩৩/১(৬) তারিখ: ৪ চৈত্র ১৪৩০
১৮ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ

২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ

৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ

৪) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ

৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ

৬) ব্যক্তিগত কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ

১৮-৩-২০২৪

পূরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)